**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) পঞ্চায়েত নির্বাচনে ভোটকর্মী, নিরাপত্তাকর্মী ও ভোট গ্রহনের কাজে নিযুক্ত অন্যান্য কর্মীদের ভোট গ্রহণ আগামী চৌঠা আগষ্ট ।**

**(২) রাজ্যে আগামী ১৩ থেকে ১৫ই আগস্ট, 'হর ঘর তিরঙ্গা' অভিযানের সিদ্ধান্ত ।**

**(৩) স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই আজ লোকসভায় দুর্যোগ ব্যবস্থাপনা (সংশোধনী) বিল ২০২৪ পেশ করেন ।**

**(৪) প্যারিস অলিম্পিকে আরো একটি পদক ভারতের । পুরুষদের ৫০ মিটার রাইফেল শুটিংয়ে ব্রোঞ্জ পদক লাভ করেছেন স্বপ্নীল কুসালে ।**

*******************************************

**Election-Vote :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আজ জানিয়েছেন, পঞ্চায়েত নির্বাচনে ভোটকর্মী, নিরাপত্তাকর্মী ও ভোট গ্রহনের কাজে নিযুক্ত অন্যান্য কর্মীদের ভোট গ্রহণ করা হবে আগামী চৌঠা আগষ্ট। সংশ্লিষ্ট ভোটাররা বিভিন্ন ব্লকে নিজ নিজ এলাকায়

ভোট প্রদান করবেন। তিনি আরো জানান ভোটে নিযুক্ত কর্মী এবং পুলিশ, টিএসআর, এবং পুলিশের বিভিন্ন শাখায় কর্মরত প্রায় দশ হাজার ভোটার ইডি ভোট প্রদান করবেন। রাজ্যের ৩৫টি ব্লকে এই ইডি ভোট নেওয়া হবে বলে তিনি জানান।

***************************

**Election Vote-Dhalai :**

ধলাই জেলার অতিরিক্ত নির্বাচনী আধিকারিক সুভাষ আচার্য্য আজ এক সাক্ষাৎকারে জানিয়েছেন, এই জেলাতেও আগামী চৌঠা আগস্ট নির্বাচনের কাজে নিযুক্ত কর্মীদের ভোটগ্রহণ করা হবে। সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। জেলার তিনটি স্থানে ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। আমবাসা ব্লকের ক্ষেত্রে ভোট গ্রহণ কেন্দ্র করা হয়েছে আমবাসা ব্লকের কনফারেন্স হল। সালেমা ব্লক এলাকার ভোটগ্রহণ কেন্দ্র সালেমা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং দুর্গা চৌমুহনী ব্লকে ভোট গ্রহণ কেন্দ্র বামনছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে। তিনি আরো জানিয়েছেন ইলেকশন ডিউটি ভোট দেবার জন্য গতকাল পর্যন্ত তিনটি ব্লক মিলিয়ে মোট ৩১১টি আবেদন পত্র জমা পড়েছে।

****************************

**Training of Polling Official :**

ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে ঊনকোটি জেলার গৌরনগর ব্লকের ভোটকর্মীদের চূড়ান্ত পর্যায়ের মহড়া আজ অনুষ্ঠিত হয়। কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত এই কর্মসূচিতে মোট ৫০৪ জন ভোটকর্মী অংশ নেন বলে সহকারী রিটার্নিং অফিসার সুধাংশু সরকার জানিয়েছেন। আজকের

কর্মসূচিতে ব্যালট বাক্সের ব্যবহারবিধি সম্পর্কে অবহিত করা হয়েছে।

***************************

**Har Ghar Tiranga :**

রাজ্যে আগামী ১৩ আগস্ট থেকে ১৫ই আগস্ট পর্যন্ত 'হর ঘর তিরঙ্গা' অভিযান অনুষ্ঠিত হবে। এই কর্মসূচিকে সফল করতে আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। রাজ্যের আট জেলার জেলাশাসকও ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই সভায় অংশ নেন। সভায় মুখ্যমন্ত্রী রাজ্যে এই বছরের 'হর ঘর তিরঙ্গা' অভিযান সফল করতে সবাইকে আরও গুরুত্ব সহ এগিয়ে আসার আহ্বান জানান। উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০২২ সালে দেশব্যাপী 'হর ঘর তিরঙ্গা' অভিযান শুরু করেছিলেন। দেশ রক্ষায় যারা নিজেদের জীবন উৎসর্গ করেছেন তাদের প্রতি সম্মান জানানোর লক্ষেই এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

প্রস্তুতি সভায় মুখ্যমন্ত্রী রাজ্যে যেসব জায়গায় অমৃত সরোবর রয়েছে, সেখানে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচি উপলক্ষে অনুষ্ঠান আয়োজনের পরামর্শ দেন। অনুরূপভাবে রাজ্যের অমৃত ভাটিকা, '৭৫ সীমান্ত গ্রাম ক্রান্তি বীরো কে নাম' কর্মসূচির অধীনে সীমান্ত গ্রামগুলিতেও অনুষ্ঠানের মাধ্যমে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচি উদযাপনের কথা তিনি উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী বলেন, 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচিতে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের ছবি সামাজিক মাধ্যমে তুলে ধরা প্রয়োজন। এই কর্মসূচিতে সব স্তরের জনপ্রতিনিধিদের যুক্ত করার উপরও মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ

করেন। এডিসি এলাকা সহ সর্বত্র 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচি পালনের জন্যও মুখ্যমন্ত্রী সভায় গুরুত্ব আরোপ করেন।

***************************

**PMJAY-Tripura :**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে জানানো হয়েছে, রাজ্যে এখনো পর্যন্ত ৫ লক্ষ ৮০ হাজারেরও বেশি পরিবারকে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এই যোজনায় এখন পর্যন্ত রাজ্যের ৩ লক্ষ ৩৬ হাজারেরও বেশি সুবিধাভোগী রাজ্যের এবং বহিরাজ্যের বিভিন্ন তালিকাভুক্ত হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে বিভিন্ন হাসপাতালে ১৮৬ কোটি টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে। এই প্রকল্পে রাজ্যে এখন পর্যন্ত প্রায় ১৫ লক্ষ ২২ হাজার সুবিধাভোগীকে আয়ুষ্মান কার্ড প্রদান করা হয়েছে। তাছাড়াও রাজ্যের বাকি জনগণের স্বাস্থ্য বীমা পরিষেবা নিশ্চিত করার জন্য, রাজ্যে গত ১৫ই ফেব্রুয়ারি, চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা ২০২৩ প্রকল্প চালু করা হয়েছে। এখনও পর্যন্ত, ১ লক্ষ ৯৩ হাজার ৯৩৫ পরিবারের মোট ৪ লক্ষ ২৬ হাজার ১৪৬ জন সুবিধাভোগীকে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ২০২৩ স্কিমের আয়ুষ্মান কার্ড ইস্যু করা হয়েছে। এই যোজনায় এখন পর্যন্ত, ৮ হাজারেরও বেশি রোগী বিভিন্ন হাসপাতাল থেকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ২০২৩-এর অধীনে ১০ কোটি ৯ লক্ষ ৫৩ হাজার টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে।

***************************

**BSF :**

রাজ্যে আন্তর্জাতিক সীমান্তে বেআইনি অনুপ্রবেশ এবং অন্যান্য অপরাধ ঠেকাতে বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ার বেশকিছু পদক্ষেপ নিয়েছে। বিএসএফের শালবাগান সদর দপ্তরের জন সংযোগ আধিকারিক এক বিবৃতিতে জানান, আইজি প্যাটেল পীযূষ পুরুষোত্তম দাস, রাজ্যে বিএসএফের সমস্ত ফিল্ড কমান্ডারদের ত্রিপুরা পুলিশ, টিএসআর, জিআরপি, আরপিএফ, কাস্টমস, আরআই, বন বিভাগ এবং অন্যান্য সহকারী সংস্থাগুলির সঙ্গে সমন্বয় বাড়ানোর নির্দেশ দিয়েছেন। বিশেষ করে চোরাচালান ও অনুপ্রবেশ রুখতে সীমান্ত চিহ্নিত করে প্রহড়া বাড়ানো হয়েছে। সীমান্ত পাহাড়ায় অত্যাধুনিক থার্মাল ইমেজার এবং ড্রোন অন্তর্ভুক্ত করা হচ্ছে বলে বিবৃতিতে জানানো হয়েছে।

***************************

**Bana Dhana Bikash Center :**

জনজাতি বিষয়ক কেন্দ্রীয় প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে আজ লোকসভায় জানিয়েছেন, ত্রিপুরাতে এখন পর্যন্ত ৫৭টি বন ধন বিকাশ কেন্দ্র স্থাপন করা হয়েছে। এরজন্য ৭ কোটি ৭৬ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। এরফলে ১৬ হাজার ১১৬ জন বন ধন সুবিধাভোগী উপকৃত হয়েছেন বলে জানিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী।

তিনি জানান, প্রধানমন্ত্রী জনজাতীয় বিকাশ মিশন বা পিএমজেভিএম প্রকল্পের অধীনে, ট্রাইবেল কো-অপারেটিভ মার্কেটিং ডেভেলপমেন্ট ফেডারেশন অফ ইন্ডিয়া (ট্রাইফেড) বন ধন বিকাশ কেন্দ্র স্থাপনের জন্য রাজ্য সরকারগুলিকে আর্থিক

সহায়তা প্রদান করে, যা জনজাতি স্বনির্ভর গোষ্ঠীগুলির ক্লাস্টারের প্রভূত উপকারে আসে।

এখনও পর্যন্ত সারা দেশে ৩৯৫৮টি বন ধন বিকাশ কেন্দ্রকে স্থাপনের জন্য ট্রাইফেড ৫৮৭ কোটি ৩৬ লক্ষ টাকা মঞ্জুর করেছে।

**************************

**Supreme Court on Reservation :**

পিছিয়ে পড়া শ্রেণীগুলির মধ্যে যারা আরও বেশি প্রান্তিক তাঁদের সংরক্ষণের সুবিধা দিতে রাজ্যগুলি, তপশিলি জাতি ও উপজাতিদের মধ্যে উপগোষ্ঠী তৈরি করতে পারবে। আজ সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন সাত বিচারপতির সাংবিধানিক বেঞ্চ এই রায় প্রদান করে। এরফলে এবার থেকে তপশিলি জাতি এবং উপজাতিভুক্তদের মধ্যে শ্রেণি বিন্যাস করা যাবে। আর সেই বিন্যাসের উপর ভিত্তি করেই সাজানো যেতে পারে সংরক্ষণ ব্যবস্থা।

সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি চন্দ্রচূড় বলেন, সংরক্ষণ গুণমানের বিরুদ্ধে নয়। পদ্ধতিগত যে বৈষম্যের মুখোমুখি হন তপশিলি জাতি ও উপজাতিভুক্ত মানুষ, তাতে উন্নতির সিঁড়ি বেয়ে বেশীরভাগ সময়েই তাঁরা ওপরে উঠতে পারেন না। অনগ্রসর শ্রেণীর মধ্যে উপগোষ্ঠীগত বিভাজন, সংবিধানের ১৪ নম্বর ধারায় পরিপন্থী নয় বলেও শীর্ষ আদালত জানিয়ে দিয়েছে।

****************************

**Special Lok Adalat :**

রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী আজ এক সাক্ষাৎকারে জানান, সুপ্রিম কোর্টের উদ্যোগে আয়োজিত বিশেষ লোক আদালত সপ্তাহে ত্রিপুরার ৫০টি মামলা নিষ্পত্তির জন্য শুনানিতে তোলা হয়েছে। গত ২৯শে জুলাই থেকে আগামী তেসরা আগস্ট পর্যন্ত এই লোক আদালত চলবে। তিনি জানান, এরমধ্যে ৩০টি মামলা চাকুরি সংক্রান্ত।

*****************************

**Disaster Amendment Bill :**

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই আজ লোকসভায় দুর্যোগ ব্যবস্থাপনা (সংশোধনী) বিল ২০২৪ পেশ করেন। জাতীয় বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং রাজ্য বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে শক্তিশালী করার লক্ষ্যে এই বিলটি তৈরি করা হয়েছে। বিলে জাতীয় এবং রাজ্য স্তরে একটি দুর্যোগ ডাটাবেস তৈরির প্রস্তাব রয়েছে এবং রাজ্যের রাজধানী এবং পৌর কর্পোরেশন থাকা বড় শহরগুলির জন্য নগর দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ গঠনের এবং রাজ্য সরকার কর্তৃক রাজ্য দুর্যোগ মোকাবেলা বাহিনী গঠনের বিধানও রয়েছে।

****************************

**Dental College :**

আগরতলা সরকারি ডেন্টাল কলেজ হাসপাতালে লেজার রশ্মির সাহায্যে অস্ত্রোপচার শুরু হয়েছে। গতকাল হাসপাতালের পেরিওডন্টলজি বিভাগে লেজার দিয়ে এক কলেজ ছাত্রীর উপরের ঠোঁট ও মাড়ির সংযোগস্থলে সার্জারি করেন এসিস্টেন্ট প্রফেসর ড. প্রিয়াঙ্কুর চক্রবর্তী। এই লেজার সার্জারি বেসরকারি

হাসপাতাল কিংবা চেম্বারে যথেষ্ট ব্যয়বহুল হলেও সরকারি ডেন্টাল কলেজ হাসপাতালে একেবারেই স্বল্প খরচে এই অস্ত্রোপচার শুরু হয়েছে।

*******************************

**Protest Rally-CPIM :**

সিপিআইএম বিলোনিয়া মহকুমা কমিটির উদ্যোগে আজ বিলোনিয়া শহরে এক বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়। এই মিছিলে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, প্রাক্তন বিধায়ক বাসুদেব মজুমদার, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ। বিক্ষোভ মিছিল শেষে এক সভায় নেতৃবৃন্দ বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করেন।

******************************

**Olympic :**

অলিম্পিকে আরো একটি পদক পেলো ভারত। পুরুষদের ৫০ মিটার রাইফেল শুটিংয়ে ভারতের স্বপ্নীল কুসালে আজ ব্রোঞ্জ পদক লাভ করেছেন। অলিম্পিকে এ নিয়ে ভারত এবার এখন পর্যন্ত তিনটি পদক লাভ করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্যারিস অলিম্পিকসে পুরুষদের ৫০ মিটার রাইফেলে ব্রোঞ্জ পদক জয়ে স্বপ্নিল কুসালকে অভিনন্দন জানিয়েছেন।

প্রধানমন্ত্রী এক্স বার্তায় বলেছেন, "অসাধারণ ক্রীড়া কৌশল প্রদর্শন করেছেন স্বপ্নিল কুসালে।

**************************

**Khumulung Football :**

খুমুলুঙ–এ আয়োজিত মহারাজা বীরবিক্রম স্মৃতি ফুটবল প্রতিযোগিতায় আজ কোয়ার্টার ফাইনাল ম্যাচে নাইকল এফসি ৫–১ গোলে পশ্চিম রতনপুর দলকে পরাজিত করেছে। খুমুলুঙ স্টেডিয়ামে আয়োজিত এই ম্যাচে নাইকল এফসির ডেভিড রিয়ান হ্যাট্রিক করে। এছাড়া দলের পক্ষে এলটন ডারলং এবং বিধায় মিজো একটি করে গোল করে। পশ্চিম রতনপুরের পক্ষে একমাত্র গোলটি করে সি কে দেববর্মা।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের পশ্চিম জেলা, গোমতী, ধলাই, দক্ষিণ ও সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া অন্যান্য জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ও সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ১২ মিলিমিটার।

******************************